

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নথি ২-২(২)শুল্ক: রপ্তানি ও বন্ড/৯৬(অংশ-১)/৩০৮

তারিখ ০৫.০৬.২০০৭ইং

বিষয়: ফেরৎকৃত পোশাক পুন: রপ্তানির শর্তে বন্ডে খালাস প্রদান প্রসংগে।

সূত্র: বিজিএমইএ'র পত্র বিজিএ/কাস/২০০৭/৮১৪৬ তারিখ ১৯.০৫.২০০৭।

উপর্যুক্ত বিষয়ে সংযুক্ত পত্র ও সূত্রের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিজিএমইএ এর আবেদনপত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, রপ্তানিকৃত পোশাকে ট্রাফিকের কারণে বা ক্রেতা কর্তৃক বিভিন্ন অজুহাতে পণ্য চালান খালাস না হওয়ায় অনেক সময় রপ্তানিকারক তার পণ্য দেশে ফেরত নিয়ে আসতে বাধ্য হন। শুল্ক কর্তৃপক্ষের পক্ষ হতে ফেরৎ আসা এমন চালান খালাসের ক্ষেত্রে প্রযোজ্য শুল্ক-করের সমপরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি চাওয়া হয়। বন্ডার সাধারণত তার পাশ বইতে এন্ট্রি দিয়ে অহরহ শিল্পের কাঁচামাল শুল্ক-কর মুক্তভাবে আমদানি করে থাকে। কিন্তু পুন: রপ্তানিযোগ্য পোশাকের ক্ষেত্রে শুল্ক কর্তৃপক্ষ এ ধরনের সুবিধা প্রদানে বিরত থাকেন না। বিজিএমইএ'র আবেদনের প্রেক্ষিতে এবং বর্তমান বাণিজ্য উদারীকরণের যুগে এ প্রেক্ষাপটে রপ্তানিকৃত কিন্তু পরবর্তীতে ফেরৎ আসা চালান ব্যাংক গ্যারান্টির পরিবর্তে The Customs Act, 1969 এর Section 22 এর Sub Section (c) এর ক্ষমতাবলে নিম্নবর্ণিত শর্তে খালাস প্রদানে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করছে, যথা:

- (১) ফেরৎ আসা চালানের ক্ষেত্রে শুল্ক-কর ব্যতিরেকে পণ্য চালান বন্ডারের পাশ বইতে এন্ট্রি করতে হবে;
- (২) একজন শুল্ক কর্মকর্তাকে পণ্য চালান Escort করে বন্ডারের বন্ডে প্রবেশের ব্যবস্থা করতে হবে;
- (৩) যে বন্ডারের অধীন কার্যক্রম সন্তোষজনক নয় অর্থাৎ যে প্রতিষ্ঠানের শুল্ক-ফাঁকির অভিযোগ আছে কিংবা কোন গুরুতর প্রমাণিত অনিয়ম আছে সে প্রতিষ্ঠানের ক্ষেত্রে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে না;
- (৪) ফেরৎ আসা প্রতিটি চালানের বিপরীতে বন্ডার ১৫০/- টাকার non-judicial stamp এ মর্মে অঙ্গীকার প্রদান করবে যে, শুল্ক কর্তৃপক্ষ থেকে চালান খালাসের ৬(ছয়) মাসের মধ্যে বন্ডার পণ্য রপ্তানি করবে। এর ব্যর্থতায় ছাড়কৃত চালানের বিপরীতে প্রযোজ্য শুল্ক-কর তিনি পরিশোধ করবেন। বন্ডার যদি অঙ্গীকারনামার শর্ত প্রতিপালনে ব্যর্থ হন তাহলে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শুল্ক আইনের বিধান মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা নেবে।

স্বাক্ষরিত/-  
(কাজী তৌহিদা আখতার)  
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)